

## শারী'য়াতের পরিভাষায় শির্ক বলতে কি বুঝায়?

শারী'য়াতের পরিভাষায় শির্কের দু'টি অর্থ রয়েছে। যথা:-

(এক) সাধারণ অর্থ। সাধারণ অর্থে শির্ক হলো:- কথা/ কাজ/ বিশ্বাস কিংবা অভ্যাস দ্বারা আল্লাহর সর্বসুন্দর নামসমূহে, বা তাঁর সর্বোত্তম গুণাবলী ও বৈশিষ্ট্যে অন্য কাউকে বা কোন কিছুকে অংশীদার করা, অথবা যেসব বিষয় এককভাবে আল্লাহর প্রাপ্য তথা হক্, তাতে অন্য কাউকে অংশীদার বা যুক্ত করা, কিংবা যে সব কর্ম বা কর্তৃত্বের অধিকারী একমাত্র আল্লাহ ﷻ, সে সকল কর্মে অন্য কাউকে বা কোন কিছুকে শরীক করা।

মোটকথা, এমন যে কোন বিশ্বাস, কাজ, কথা ও অভ্যাসকে শির্ক বলা হয়, যদ্বারা মহান আল্লাহর (ﷻ) রুবুবিয়াহ (পালনকর্তৃত্বে) বা উলূহিয়াহ ('ইবাদাতে) কিংবা তাঁর আছমা ও সিফাতে (সর্বসুন্দর নাম ও গুণাবলীতে) অন্য কারো অংশীদারিত্ব বা সমকক্ষতা সাব্যস্ত করা হয়।

(দুই) বিশেষ অর্থ। বিশেষ অর্থে- 'ইবাদাতে আল্লাহর (ﷻ) সাথে কাউকে সংযুক্ত বা অংশীদার করাকে শির্ক বলা হয়। যে কোন প্রকার 'ইবাদাত আল্লাহ ﷻ ব্যতীত অন্য কারো উদ্দেশ্যে নিবেদন করা, যদিও তা খুবই সামান্য পরিমাণে হয়ে থাকে তথাপি তা হবে শির্ক।